



## ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচনে জাতিসংঘের সমর্থন রয়েছে: লুইস



সংগৃহীত ছবি

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেছেন জাতিসংঘের আবাসিক সমন্বয়ক গোয়েন লুইস। সাক্ষাৎকালে লুইস জাতিসংঘ এবং বাংলাদেশের অন্তর্ভুক্তি সরকারের মধ্যে বিদ্যমান শক্তিশালী সহযোগিতার প্রশংসা করেন। তারা বাংলাদেশের উন্নয়ন অগ্রাধিকার এবং চলমান সংস্কার কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন।

বৈঠকের প্রধান আলোচ্য বিষয় ছিল আসন্ন জাতীয় নির্বাচন। ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত সাধারণ নির্বাচনের প্রস্তুতির জন্য বাংলাদেশের নির্বাচন কমিশনকে জাতিসংঘের চলমান সহায়তার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন লুইস। তিনি বলেন, “জাতিসংঘ সম্পূর্ণরূপে ফেব্রুয়ারিতে সাধারণ নির্বাচনের পক্ষে। এটি দেশের গণতান্ত্রিক রূপান্তরের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।” তারা একটি অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনী প্রক্রিয়া নিশ্চিত করতে জাতিসংঘ কীভাবে সহায়তা করতে পারে, তা নিয়েও আলোচনা করেন।

এছাড়াও, দুই পক্ষ সরকারের উচ্চাকাঙ্ক্ষী সংস্কার উদ্যোগকে এগিয়ে নিতে জাতিসংঘের সম্প্রসারিত সহায়তার উপায় নিয়ে কথা বলেন। নিউইয়র্কে আসন্ন জাতিসংঘ সাধারণ পরিষদের সভা এবং এ মাসের শেষের দিকে অনুষ্ঠিতব্য রোহিঙ্গা সম্মেলনের প্রস্তুতিও পর্যালোচনা করা হয়। উভয়ে রোহিঙ্গাদের জন্য মানবিক সহায়তা কমে যাওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। প্রধান উপদেষ্টা রোহিঙ্গাদের মানবিক সহায়তা তহবিলের ঘাটতি মোকাবিলায় এবং টেকসই আন্তর্জাতিক সংহতি ও বাড়তি সমর্থনের জরুরি প্রয়োজনীয়তার ওপর জোর দেন। জবাবে, লুইস বাংলাদেশের সংস্কার ও রূপান্তর প্রক্রিয়ার প্রতি জাতিসংঘের অটল সমর্থন পুনর্ব্যক্ত করেন এবং দেশের টেকসই উন্নয়ন ও দীর্ঘমেয়াদি সমৃদ্ধি অর্জনে সহযোগিতার প্রতিশ্রুতি দেন।